



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

অটোমোটিভ বডি পেইন্টিং

লেভেল – ০১

মডিউল শিরোনাম: অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও
ইকুইপমেন্ট ব্যবহার করা

**Module: Using Tools and Equipment for Automotive
Body Painting**

মডিউল কোড: CBLM-OU-LE-ABP-01-L1-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
NATIONAL SKILLS DEVELOPMENT AUTHORITY BANGLADESH

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: ec@nsda.gov.bd

ওয়েবসাইট: www.nsd.gov.bd

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিউটিং বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত অটোমোটিভ বডি পেইন্টিং লেভেল-১ অকুপেশনের কম্পিউটিং স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে অটোমোটিভ বডি পেইন্টিং লেভেল-১ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

ইনস্ট্রাকশনাল এক্টিভিটি তৈরি করার ক্ষেত্রে সিবিএলএম ডেভেলপার/শিক্ষক/প্রশিক্ষক/এসেসর এ সিবিএলএমটিকে মূল রেফারেন্স পয়েন্ট হিসাবে ব্যবহার করবে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অটোমোটিভ বডি পেইন্টিং লেভেল-১ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহারের মৌলিক জ্ঞান অর্জন করতে পারবেন। এছাড়াও বিভিন্ন প্রকার টুলন ও ইকুইপমেন্টের ব্যবহার, কাজ ও ত্রুটি নির্ণয় করতে পারবেন। একজন দক্ষ পেইন্টার ও অটো মেকানিক্স এর জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেকটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচিপত্র

কপিরাইট	i
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা	v
মডিউল কন্টেন্ট	১
শিখনফল (Learning Outcome)-১: প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে.....	২
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-১: প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে	৫
ইনফরমেশন শিট (Information Sheet) -১: প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে	৬
সেলফ চেক (Self Check)-১: অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা.....	২১
উত্তর পত্র (Answer Key)- ১ অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা	২২
অ্যাকটিভিটি শিট (Activity Sheet) ১.১: প্রয়োজনীয় পিপিই এর তালিকা তৈরী করুন	২৩
অ্যাকটিভিটি শিট (Activity Sheet) ১.২: টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন.....	২৪
অ্যাকটিভিটি শিট (Activity Sheet) ১.৩: টুলস এবং ইকুইপমেন্ট এর অ্যাপ্লিকেশন এবং অপারেশন ব্যাখ্যা করুন .	২৬
শিখনফল (Learning Outcome)- ২ : টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করতে পারবে	২৮
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২: টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করতে পারবে	২৯
ইনফরমেশন শিট (Information Sheet)-২: টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করতে পারবে	৩০
সেলফ চেক (Self Check)- ২: অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা	৩৮
উত্তর পত্র (Answer Key)- ২: অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা	৩৯
টাস্ক শিট (Task Sheet)- ২.২: অনিরাপদ বা ত্রুটিপূর্ণ টুলস সমূহ চিহ্নিত করুন.....	৪১
টাস্ক শিট (Task Sheet)- ২.৩: মেজারিং টুলসের সঠিক ব্যবহার দ্বারা জ্যামিতিক পরিমাপ করুন	৪২
শিখনফল (Learning Outcome)- ৩: ইকুইপমেন্ট পরিচালনা করতে পারবে	৪৩
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৩: ইকুইপমেন্ট পরিচালনা করতে পারবে	৪৫
ইনফরমেশন শিট (Information Sheet)-৩: প্রয়োজনীয় ইকুইপমেন্ট পরিচালনা করা.....	৪৬
সেলফ চেক (Self Check)- ৩: ইকুইপমেন্ট পরিচালনা করা	৫১
উত্তর পত্র (Answer Key)- ৩: ইকুইপমেন্ট পরিচালনা করা.....	৫২
টাস্ক শিট (Task Sheet)- ৩.১: কর্মীদের নিরাপত্তা ও প্রয়োজনীয়তা অনুসারে বৈদ্যুতিক এবং নিউমেট্রিক সংক্রান্ত শক্তি সরবরাহের রুট নির্ধারণ করুন.....	৫৩
টাস্ক শিট (Task Sheet)- ৩.২: সঠিক ক্রম /ধারাবাহিকতা নির্ধারণ করে ইকুইপমেন্ট ব্যবহার করুন.....	৫৪
শিখনফল (Learning Outcome)- ৪: বেসিক প্রিভেন্টিভ মেইনটেন্যান্স সম্পন্ন করতে পারবে	৫৫
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৪: বেসিক প্রিভেন্টিভ মেইনটেন্যান্স করতে পারবে	৫৬
ইনফরমেশন শিট (Information Sheet)-৪: বেসিক প্রিভেন্টিভ মেইনটেন্যান্স করতে পারবে	৫৭
টাস্ক শিট (Task Sheet)-৪.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী টুলস পরিষ্কার করুন.....	৫৯
জব শিট (Job Sheet)-৪.১: উপযুক্ত লুব্রিকেন্ট চিহ্নিত করুন এবং প্রয়োজন অনুযায়ী লুব্রিকেন্ট করুন	৬০
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-৪.১: উপযুক্ত লুব্রিকেন্ট চিহ্নিত করুন এবং প্রয়োজন অনুযায়ী লুব্রিকেন্ট করুন	৬১
জব শিট (Job Sheet)-৪.২: ত্রুটিপূর্ণ টুলস ইনস্পেকশন করুন এবং স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে মেরামত বা প্রতিস্থাপন করুন.....	৬২
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-৪.২: ত্রুটিপূর্ণ টুলস ইনস্পেকশন করুন এবং স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে মেরামত বা প্রতিস্থাপন করুন.....	৬৩
শিখনফল (Learning Outcome)-৫: টুলস পরিষ্কার ও সংরক্ষণ করতে পারবে.....	৬৪
শিখন কার্যক্রম (Learning Activities)-৫: টুলস পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে.....	৬৫
ইনফরমেশন শিট (Information Sheet)-৫: টুলস পরিষ্কার ও সংরক্ষণ করা	৬৬
সেলফ চেক (Self Check)- ৫: টুলস পরিষ্কার ও সংরক্ষণ করা.....	৬৯
উত্তর পত্র (Answer Key)- ৫ টুলস পরিষ্কার ও সংরক্ষণ করা	৭০
টাস্ক শিট (Task Sheet)- ৫.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করুন.....	৭১
টাস্ক শিট (Task Sheet)- ৫.২: কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী বর্জ্য পদার্থ ডিসপোজ করুন.....	৭২
টাস্ক শিট (Task Sheet)- ৫.৩: টুলস পরিষ্কার করে যথাযথ স্থানে নিরাপদে সংরক্ষণ করুন	৭৩
দক্ষতা পর্যালোচনা (Review of Competency)	৭৪

মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা
ইউ ও সি কোড	OU-LE-ABP-01-L1-V1
মডিউল শিরোনাম	অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা
মডিউলের বর্ণনা	এই মডিউলটিতে অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করার জন্য প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান এবং মনোভাব অন্তর্ভুক্ত করা হয়েছে। মডিউলটিতে প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা, টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা, ইকুইপমেন্ট পরিচালনা করা, বেসিক প্রিভেন্টিভ রক্ষণাবেক্ষণ সম্পন্ন করা ও টুলস পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারার দক্ষতা অন্তর্ভুক্ত রয়েছে।
নমিনাল সময়	৫০ ঘণ্টা
শিখনফল	এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন। ১. প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে। ২. টুলস এবং ইকুইপমেন্ট ব্যবহার করতে পারবে। ৩. ইকুইপমেন্ট পরিচালনা করতে পারবে। ৪. বেসিক প্রিভেন্টিভ রক্ষণাবেক্ষণ করতে পারবে। ৫. টুলস পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে।

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করতে পারবে।
২. প্রয়োজন অনুযায়ী উপযুক্ত টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে।
৩. টুলস এবং ইকুইপমেন্ট এর অ্যাপ্লিকেশন এবং অপারেশন সংজ্ঞায়িত করতে পারবে।
৪. নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় কাজ সম্পাদনের জন্য উপযুক্ত টুল ব্যবহার করতে পারবে।
৫. হ্যান্ড টুল ব্যবহারে সঠিক হ্যান্ড-আই সমন্বয় প্রয়োগ করতে পারবে।
৬. অনিরাপদ বা ত্রুটিপূর্ণ টুল চিহ্নিত এবং মেরামত বা প্রত্যাহারের জন্য সুপারিশ করতে পারবে।
৭. নির্দেশ অনুসারে সরঞ্জামগুলির যথাযথ গ্রিপিং অনুসরণ করতে পারবে।
৮. কর্মীদের নিরাপত্তার প্রয়োজনীয়তা অনুসারে বৈদ্যুতিক এবং বায়ুসংক্রান্ত শক্তি সরবরাহের রুট নির্ধারণ করতে পারবে।
৯. ইকুইপমেন্ট ব্যবহারের সঠিক ক্রম/ধারাবাহিকতা নির্ধারণ করতে পারবে।
১০. কাজের প্রয়োজন অনুযায়ী যন্ত্রপাতি ব্যবহার করতে পারবে।
১১. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী টুলস পরিষ্কার করতে পারবে।
১২. উপযুক্ত লুব্রিকেন্ট চিহ্নিত করে প্রয়োজন অনুযায়ী লুব্রিকেশন করতে পারবে।
১৩. ত্রুটিপূর্ণ টুলস ইনস্পেকশন করা এবং স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে সংশোধন করা বা প্রতিস্থাপন করতে পারবে।
১৪. টুলস ইনস্পেকশন করা হয়েছে, মেরামত করা হয়েছে এবং ব্যবহার যোগ্য নয় এমন টুলস প্রতিস্থাপন করতে পারবে।
১৫. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করতে পারবে।
১৬. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী বর্জ্য পদার্থ ডিসপোজ করতে পারবে।
১৭. টুলস পরিষ্কার করা হয়েছে এবং যথাযথ স্থানে নিরাপদে সংরক্ষণ করতে পারবে।

শিখনফল (Learning Outcome)-১: প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. প্রয়োজন অনুযায়ী পিপিই সংগ্রহ করা হয় ও পরিধান করা হয়। ২. প্রয়োজন অনুযায়ী উপযুক্ত টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা হয়েছে। ৩. টুলস এবং ইকুইপমেন্ট এর এপ্লিকেশন এবং অপারেশন সংজ্ঞায়িত করা হয়েছে।
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ভিভাইস ১০. প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট ১১. প্রয়োজনীয় পিপিই
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. পিপিই এর তালিকা ২. টুলস পরিচিতি ও ব্যবহার <ul style="list-style-type: none"> ▪ স্ক্র্যাপার ▪ পুটিং মিস্কিং স্ক্র্যাপার ▪ বক্স রেঞ্চ সেট ▪ সকেট রেঞ্চ সেট ▪ স্ক্রু ড্রাইভার (ফ্লাট বা ফিলিপস হেড) ▪ প্লায়ার্স ▪ কন্সনেশন প্লায়ার্স ▪ নোজ প্লায়ার্স ▪ চিজেল ▪ ফাইল ▪ ফ্লাট ফাইল ▪ ত্রিভূজাকার ফাইল ▪ সুই ফাইল ▪ হ্যাক 'স' ▪ বলপিন হ্যামার ▪ স্টিল ওয়্যার ব্রাশ ▪ ফানেল ▪ মিস্কিং কাপ ▪ মিজারিং স্কেল ▪ ছাঁকনি ▪ হ্যান্ড স্যান্ডিং ব্লক ৩. ইকুইপমেন্ট পরিচিতি ও ব্যবহার <ul style="list-style-type: none"> ▪ সারফেসার প্রয়োগের জন্য স্যান্ডার ডুয়াল অ্যাকশান বা

ডাস্ট এক্সট্রাক্টর সহ অরবিটাল ।

- এয়ার কম্প্রেসর
- স্প্রে গান
- ট্রিম ওপেনার
- এয়ার লাইন ও আনুসঙ্গিক
- এয়ার ড্রয়ার/ফিল্টার
- ইনফারেড বাতি
- UV বাতি
- পেইন্টিং বুথ
- পলিশিং মেশিন
- স্পেকট্রোফটোমিটার
- ডিএফটি মিটার
- গ্লস মিটার
- এয়ার প্রেসার গেজ
- হট গান
- ওজন মাপকাঠি
- ডেন্ট সনাক্তকরণ বাতি
- পেইন্ট মিক্সিং মেশিন
- ওয়াটার প্রেসার গান
- সিঙ্গেল পোস্ট হাইড্রলিক লিফট
- রেস্টো ফিট স্ট্যান্ড
- মিনি ফাইল বেল্ট স্যান্ডার
- বাম্পার স্ট্যান্ড
- দরজা এবং ফেন্ডার স্ট্যান্ড
- স্প্রে গান এবং কাপ হোল্ডার
- ম্যানোমিটার
- ওয়াটার বাকেট

8. অ্যান্নিকেশন এবং অপারেশন

- এ্যাডজাস্ট করা
- প্রেসার এডজাস্টিং
- পানি নিষ্কাশন করা
- বেল্ট টেনশন এ্যাডজাস্টমেন্ট
- স্প্রে গান এডজাস্টিং
- এলাইনিং
- এসেম্বলিং
- ক্লাম্পিং
- ক্লিনিং
- ডিসমেন্টলিং
- ফিনিশিং
- লুব্রিক্টিং
- স্ক্র্যাপিং

	<ul style="list-style-type: none"> ▪ টাইটেনিং ▪ ডেন্ট সনাক্তকরণ ▪ মেশানো
এক্টিভিটি	<ol style="list-style-type: none"> ১. প্রয়োজনীয় পিপিই এর তালিকা তৈরী করুন। ২. প্রয়োজন অনুযায়ী উপযুক্ত টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন। ৩. টুলস এবং ইকুইপমেন্ট এর অ্যাপ্লিকেশন এবং অপারেশন ব্যাখ্যা করুন।
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-১: প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রম পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের ‘প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে’ শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১ : প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে।
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন। অ্যাকটিভিটি শিট ১.১: প্রয়োজনীয় পিপিই এর তালিকা তৈরী করুন। অ্যাকটিভিটি শিট ১.২: প্রয়োজন অনুযায়ী উপযুক্ত টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন। অ্যাকটিভিটি শিট ১.৩: টুলস এবং ইকুইপমেন্ট এর অ্যাপ্লিকেশন এবং অপারেশন ব্যাখ্যা করুন।

ইনফরমেশন শিট (Information Sheet) -১: প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট চিহ্নিত করতে পারবে

শিক্ষার উদ্দেশ্য (Learning objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে। প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট এর প্রকারভেদ/ব্যাখ্যা করতে পারবে।

- ১.১ পিপিই এর তালিকা
- ১.২ টুলস পরিচিতি ও ব্যবহার
- ১.৩ ইকুইপমেন্ট পরিচিতি ও ব্যবহার
- ১.৪ অ্যান্লিকেশন এবং অপারেশন

১.১ পিপিই এর তালিকা

কাজের শুরুতে সর্ব প্রথম নিজের নিরাপত্তাকে অগ্রাধিকার দিতে হবে। কাজ ও কার্য স্থানের বিপত্তি সমূহ চিহ্নিত করতে হবে। কাজের ধরন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পরিধান করতে হবে। একজন পেইন্টারকে কর্ম ক্ষেত্রে যে সমস্ত পিপিই ব্যবহার করতে হবে তার তালিকা নিম্নে দেয়া হল —

নাম: হ্যালমেট কাজ: বিভিন্ন প্রকার আঘাতের হাত থেকে মাথাকে সুরক্ষিত রাখে।	
নাম: হ্যান্ড গ্লোভস কাজ: ময়লা/রং/ক্ষতিকর রাসায়নিক থেকে হাতকে রক্ষা করে	
নাম: এপ্রোন কাজ: ময়লা ও বিভিন্ন প্রকার বিপত্তি থেকে জামা কাপড়/বাড়িকে রক্ষা করে।	
নাম: মাস্ক কাজ: ধুলিবালি/গ্যাস/ধোঁয়া থেকে রক্ষা করে।	
নাম: গগলস কাজ: ময়লা/ধুলিবালি/আঘাত/আলোকরশ্মি থেকে রক্ষা করে।	
নাম: সেফটি স্যু কাজ: ময়লা ও বিভিন্ন পকার বিপত্তি থেকে পা কে রক্ষা করে	








নিম্নে একজন ওয়ার্কারের ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম এর ব্যবহার দেখানো হল –








১.২ টুলস পরিচিতি ও ব্যবহার



গাড়ির বডি পেইন্টিং কাজের বিভিন্ন টুলসমূহের পরিচিতি ও কাজ

<p>নাম: কম্বিনেশন প্লায়ার্স কাজ: কোন যন্ত্রাংশ শক্ত করে ধরে রাখা/খোলা/লাগানো।</p>	
<p>নাম: কাটিং প্লায়ার্স কাজ: ক্যাবল/তার জাতীয় কোন কিছু কাটা।</p>	
<p>নাম: নোজ প্লায়ার্স কাজ: সবু স্থানে কোন যন্ত্রাংশ শক্ত করে ধরে রাখা/খোলা/লাগানো।</p>	
<p>নাম: ফ্লাট স্ক্রু ডাইভার কাজ: স্ক্রু খোলা ও লাগানো।</p>	

<p>নাম: স্টার/ফিলিপস স্ক্রু ডাইভার কাজ: স্টার স্ক্রু খোলা ও লাগানো।</p>	
<p>নাম: ওপেন ইন্ড রেঞ্চ কাজ: যায়গা কম এমন স্থানের নাট-বোল্ট খোলা ও লাগানো।</p>	
<p>নাম: এ্যাডজাস্টেবল রেঞ্চ কাজ: নাট-বোল্ট খোলা ও লাগানো।</p>	
<p>নাম: ওপেন এন্ড রিং রেঞ্চ কাজ: নাট-বোল্ট খোলা ও লাগানো।</p>	
<p>নাম: বল পিন হ্যামার কাজ: যন্ত্রাংশ ও নির্দিষ্ট টুলসের উপর আঘাত করা।</p>	
<p>নাম: চিজেল কাজ: হাতুড়ির আঘাতে ধাতব বস্তু কর্তন করা।</p>	
<p>নাম: স্ক্র্যাপার কাজ: মরিচা/পুরাতন রং/উঁচু অংশ কর্তনে ব্যবহৃত হয়।</p>	




<p>নাম: পুটি মিক্সিং স্কেপার কাজ: পুটি ও রং মিশানো, নরম পুটি কর্তন, মশণ করণ এবং পুটি প্রয়োগে ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: হ্যাক স কাজ: যে কোন প্রকার ধাতব অংশ কর্তন করা।</p>	
<p>নাম: বক্স রেঞ্চ সেট কাজ: নাট-বোল্ট খোলা ও লাগানো।</p>	
<p>নাম: সকেট রেঞ্চ সেট কাজ: নাট-বোল্ট খোলা ও লাগানো।</p>	
<p>নাম: ফ্লাট ফাইল কাজ: কোন যায়গা ঘষে মশণ/ক্ষয় করা।</p>	






<p>নাম: নিডিল ফাইল কাজ: কোন যায়গা ঘষে মশুণ/ক্ষয় করা</p>	
<p>নাম: রিং রেঞ্চ কাজ: নাট-বোল্ট খোলা ও লাগানো।</p>	
<p>নাম: অফসেট স্ক্রু ড্রাইভার কাজ: যেখানে সাধারণ স্ক্রু ড্রাইভার ব্যবহার করা যায়না সেখানে স্ক্রু খোলার কাজে ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: এল ইন্ড কী কাজ: কী ঘাট যুক্ত বোল্ট/স্ক্রু খোলার জন্য।</p>	<p>NOTE: 1. Limit: inch 2. Length Tolerance: +/- 0.1 inch</p> 
<p>নাম: র্যাচেট হ্যান্ডেল কাজ: সকেটে সংযুক্ত করে নাট/বোল্ট খোলা হয়। একবার সেট করে এটি দুই দিকে পরিচালিত করা যায়।</p>	
<p>নাম: স্টিল ব্রাশ কাজ: কোন তল ঘষে ময়লা/মরিচা/রং উঠানো।</p>	
<p>নাম: ফানেল কাজ: কোন তরল নির্দিষ্ট স্থানে ফিলিং করা।</p>	
<p>নাম: মিক্সিং কাপ কাজ: রং বা পুটি মিশ্রণ করতে ব্যবহৃত হয়।</p>	






<p>নাম: মেজারিং স্কেল কাজ: কার্য স্থান পরিমাপ করা।</p>	
<p>নাম: স্টেইনার কাজ: রং এর মধ্যে লেগে থাকা অপ্রয়োজনীয় অংশ দূর করে।</p>	







১.৩ ইকুইপমেন্ট পরিচিতি ও ব্যবহার






ইকুইপমেন্ট অর্থ সরঞ্জাম। সরঞ্জাম সাধারণত কতগুলি যন্ত্রাংশের সমন্বয় যার দ্বারা অতি সুক্ষতায় কাজ করা সম্ভব। ইকুইপমেন্ট একধরনের টুলস বা টুলসের সেট যার দ্বারা কোন নির্দিষ্ট কাজ করা যায়।


<p>নাম: এয়ার কম্প্রেসর কাজ: সংকুচিত বাতাস তৈরী করে জমা রাখা ব্যবহার: নিউমেট্রিক টুলস পরিচালনা, রং করণ, ওয়াশিং ও ক্লিনিং টুলস পরিচালনার কাজে ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: কম্প্রেসর এয়ার ড্রায়ার/ফিল্টার কাজ: সংকুচিত বাতাসের জলীয় কণা দূর করে।</p>	
<p>নাম: স্প্রে গান কাজ: সুক্ষ কণা আকারে রং এর স্প্রে প্যাটার্ন তৈরী করা। ব্যবহার: গাড়ির বডি ও যন্ত্রাংশ রং করা।</p>	

<p>নাম: ট্রিম ওপেনার</p> <p>কাজ: ইন্টারনাল লক করা বিভিন্ন কভার/সরঞ্জাম খোলা হয়</p> <p>ব্যবহার: ড্যাস বোর্ড, ডাস্ট, কভার ইত্যাদি খোলা হয়।</p>	
<p>নাম: পলিশিং মেশিন</p> <p>কাজ: বৈদ্যুতিক শক্তির সাহায্যে বিভিন্ন ডিস্ক কে ঘুরায়।</p> <p>ব্যবহার: গাড়ির বডি/যন্ত্রাংশ ঘষে সমান করা/মশূণ করা/পলিসিং করা।</p>	
<p>নাম: এয়ার গান</p> <p>কাজ বিভিন্ন আকৃতিতে বাতাসের প্রবাহ সৃষ্টি করা।</p> <p>ব্যবহার: এয়ার ক্লিনার/গাড়ির বডি/গাড়ির ভিতরে পরিষ্কার করা।</p>	
<p>নাম: ওয়াটার গান</p> <p>কাজ: বিভিন্ন আকৃতিতে পানির প্রবাহ সৃষ্টি করা।</p> <p>ব্যবহার: গাড়ির বডি পরিষ্কার করার কাজে ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: ম্যানোমিটার</p> <p>কাজ: প্রবাহিত তরল/গ্যাসের চাপ পরিমাপ করা।</p> <p>ব্যবহার: বিভিন্ন ফ্লুইড লাইন এর চাপ পরিমাপ করা।</p>	

<p>নাম: গ্লস মিটার</p> <p>কাজ: সারফেসের সাইনিং ইফেক্ট নির্ণয় করা।</p> <p>ব্যবহার: গাড়ির বডি তলের রং এর সাইনিং পরিমাপ করা হয়।</p>	
<p>নাম: ডেন্ট সনাক্তকরণ বাতি</p> <p>কাজ: কার বডিতে অতি সূক্ষ্ম মাত্রার ডেন্ট সনাক্ত করতে এই লাইট ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: ডিএফটি মিটার</p> <p>কাজ: ড্রাই ফিল্ম থিকনেস পরিমাপ করা।</p> <p>ব্যবহার: গাড়ির বডির রং এর থিকনেস মাপা।</p>	
<p>নাম: স্পেকট্রোফটোমিটার</p> <p>কাজ: রং পরিমাপক যন্ত্র।</p> <p>ব্যবহার: গাড়ির বডি তলের রং পরিমাপে ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: ইউ ভি লাইট</p> <p>কাজ: জীবানুনাশক আলো উৎপন্ন করে।</p> <p>ব্যবহার: গাড়ির ভিতরে লাইটিং কাজে ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: পেইন্টিং বুথ</p> <p>কাজ: রং এর বাষ্প/গ্যাস মুক্ত বাতাসে বের হতে দেয় না।</p>	

<p>ব্যবহার: গাড়ি ও বিভিন্ন যন্ত্রাংশ রং করণ কাজে ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: পেইন্ট মিক্সিং মেশিন কাজ: রং ভালভাবে মিশ্রণ করতে ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: পেইন্ট শেপিং মেশিন কাজ: রং এর ক্যান উলম্ব/আনুভূমিক ভাবে ঘুরিয়ে মিশ্রণ করা হয়।</p>	
<p>নাম: সিঙ্গেল পোস্ট হাইড্রলিক লিফট কাজ: গাড়ি উত্তোলন করা।</p>	
<p>নাম: রেস্টো ফিট স্ট্যান্ড কাজ: কার্য স্থানে হাতের নাগালে সরঞ্জামাদি রাখার জন্য ব্যবহৃত হয়।</p>	
<p>নাম: বাম্পার স্ট্যান্ড কাজ: গাড়ির বাম্পার খুলে মেরামত বা পেইন্টিং কাজের জন্য আটকিয়ে রাখা হয়।</p>	


<p>নাম: ডোর/ফেন্ডার স্ট্যান্ড</p> <p>কাজ: গাড়ির ডোর/ফেন্ডার খুলে মেরামত বা পেইন্টিং কাজের জন্য আটকিয়ে রাখ হয়।</p>	
<p>নাম: বেল্ট স্যান্ডার</p> <p>কাজ: উঁচু স্থান ঘর্ষন করে ক্ষয়/মশণ করা।</p>	
<p>নাম: ওয়েটিং স্কেল</p> <p>কাজ: ওজন মাপা হয়।</p>	
<p>নাম: এয়ার প্রেসার গেজ</p> <p>কাজ: গাড়ির চাকায় হাওয়া দেওয়া ও হাওয়া পরিমাপ করা।</p>	
<p>নাম: হট গান</p> <p>কাজ: নির্দিষ্ট স্থান শুকানো অথবা নির্দিষ্ট যায়গা হিট দিয়ে নরম করা।</p>	

<p>নাম: বিভিন্ন প্রকার ফাইল কাজ: কার্য স্থান ঘষে মশণ/ক্ষয় করা ।</p>	
---	--







১.৪ অ্যাপ্লিকেশন এবং অপারেশন








গাড়ির বডি পেইন্টিং কাজের বিভিন্ন টুলস ও ইন্সট্রুমেন্টসমূহের প্রয়োগ

- এডজাস্ট করা
- প্রেসার এডজাস্টিং
- পানি নিষ্কাশন করা
- বোল্ট টেনশন এডজাস্টমেন্ট
- স্প্রে গান এডজাস্টিং
- এলাইনিং
- এসেমব্লিং
- ক্ল্যাম্পিং
- ক্লিনিং
- ডিসমেন্টিলিং
- ফিনিশিং
- লুব্রিকেটিং
- স্ক্র্যাপিং
- টাইটেনিং
- ডেন্ট সনাক্তকরণ
- মেশানো

<p>এডজাস্ট করা এডজাস্ট করার জন্য নাট, বোল্ট, স্ক্রু লোজ/টাইট করতে হয়। টুলসের সঠিক ব্যবহার না জানলে সঠিক এডজাস্ট হবে না। নিম্নে যন্ত্রাংশ এডজাস্ট করার জন্য বিভিন্ন টুলসের প্রয়োগ।</p>	
<p>সকেট রেঞ্চ সেট নাট ও বোল্ট খোলার জন্য সকেট রেঞ্চ ব্যবহার সবচেয়ে উপযোগী। এর দ্বারা নাট ও বোল্টের হেড নষ্ট হওয়া এবং স্লিপ করে না। সে সমস্ত যায়গায় এটি ব্যবহার অসুবিধা যেখানে রিংরেঞ্জ/ওপেন রেঞ্চ ব্যবহার করা হয়।</p>	

<p>রিং রেঞ্চ</p> <p>নাট ও বোল্ট খোলার জন্য রিং রেঞ্চ ব্যবহার করা হয়। এর দ্বারা নাট ও বোল্টের হেড নষ্ট হওয়া এবং স্লিপ করে না। সে সমস্ত যায়গায় সকেট ব্যবহার অসুবিধা যেখানে রিংরেঞ্জ/ওপেন রেঞ্চ ব্যবহার করা হয়।</p>	
<p>এ্যাডজাস্টেবল রেঞ্চ</p> <p>এটি একটি বহল ব্যবহৃত হ্যান্ড টুলস। নাট ও বোল্ট খোলার জন্য এটি ব্যবহার করা হয়। এর দ্বারা নাট ও বোল্টের হেড নষ্ট হওয়া এবং স্লিপ করার সম্ভাবনা থাকে। সে সমস্ত যায়গায় অনেক বেশি টাইট দেয়ার প্রয়োজন সে খানে এটি ব্যবহার না করা ভালো।</p>	
<p>স্ক্রু ড্রাইভার</p> <p>স্ক্রু খোলা ও লাগানোর জন্য স্ক্রু ড্রাইভার ব্যবহৃত হয়। বিভিন্ন সাইজের ও বিভিন্ন আকৃতির স্ক্রু ড্রাইভার হয়ে থাকে। স্ক্রু এর উপর শক্ত ভাবে চেপে ধরে ঘুরিয়ে স্ক্রু খুলতে হয়, এতে অনেক সময় স্ক্রু ড্রাইভার ছুটে গিয়ে বডির রং নষ্ট করতে পারে সে দিকে খেয়াল রাখতে হবে।</p>	
<p>প্লায়ার্স</p> <p>এটি বহল ব্যবহৃত একটি হ্যান্ড টুলস। বিভিন্ন ধরনের বিভিন্ন সাইজের প্লায়ার্স পাওয়া যায়। অটোমোটিভ ক্ষেত্রে কম্বিনেশন প্লায়ার্স ও নোজ প্লায়ার্স সব চেয়ে বেশি ব্যবহৃত হয়। যে কোন যন্ত্রাংশ শক্ত ভাবে ধরে রাখা, কাটা, খোলা ও লাগানো, অপসারণ কাজে ব্যবহৃত হয়। যেখানে হাতের শক্তির সাহায্যে ধরে রাখা যাবেনা সেখানে এটি ব্যবহার করলে টুলস ও যন্ত্রাংশ উভয়ই নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে।</p>	
<p>নোজ প্লায়ার্স</p> <p>যে কোন যন্ত্রাংশ শক্ত ভাবে ধরে রাখা, কাটা, খোলা ও লাগানো, বাঁকা করা, অপসারণ কাজে ব্যবহৃত হয়। যেখানে হাতের শক্তির সাহায্যে ধরে রাখা যাবেনা সেখানে এটি ব্যবহার করলে টুলস ও যন্ত্রাংশ উভয়ই নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে।</p>	
<p>প্রেসার এ্যাডজাস্ট</p> <p>বিভিন্ন প্রকার ইকুইপমেন্টের প্রেসার কাজের প্রয়োজন অনুযায়ী এ্যাডজাস্ট করে নিতে হয়। যেমন এয়ার কম্প্রেসর, স্প্রে গান, টায়ার প্রেসার গেজ। প্রস্তুতকারকের ম্যানুয়াল অনুযায়ী প্রেসার নব ঘুরিয়ে এ্যাডজাস্ট করা হয়।</p>	

<p>পানি নিষ্কাশন করা ডেন প্লাগ/ডেন নাট ঘুরিয়ে জমে থাকা পানি অপসারণ করা হয় ।</p>	
<p>বেল্ট টেনশন এ্যাডজাস্ট বিভিন্ন প্রকার ইকুইপমেন্টে সংযুক্ত বেল্ট/স্প্রাকেট এ্যাডজাস্ট করে সঠিক টেনশনে আনতে হয় । এটি লোজ/টাইট হলে সঠিক কাজ পাওয়া যাবে না ।</p>	
<p>স্প্রে গান এ্যাডজাস্ট প্যাটার্ন কন্ট্রোল নব ঘুরিয়ে স্প্রে প্যাটার্ন সঠিক মাত্রায় সেট করতে হয় ।</p>	
<p>এলাইনিং কোন যন্ত্রাংশের সরলতা নষ্ট হলে তা মেরামত পূর্বক সরলতায় আনয়ন করতে হয় । সোজা/সরলতা আনয়নের জন্য হ্যামার,ভাইস,হাইড্রলিক প্রেস ও লেদ মেশিন ব্যবহা করা হয় ।</p>	
<p>এসেমব্লিং কোন যন্ত্রাংশের বিচ্ছিন্ন অংশসমূহ সঠিক ভাবে সেট করাকে এসেমব্লিং বলে ।</p>	
<p>ক্লাস্পিং বিভিন্ন যন্ত্রপাতি গাড়ির বিভিন্ন স্থানে আটকানোর জন্য ক্লাস্প ব্যবহার করা হয় ।</p>	

<p>ক্লিনিং খুলি বালি পরিষ্কার করার জন্য সাধারণ ব্রাশ, ধাতব অংশে জমে থাকা ময়লা ও মরিচা উঠানোর জন্য ওয়্যার ব্রাশ, ব্যবহৃত হয়।</p>	
<p>ডিসমেন্টালিং ধাতব অংশ কাটা ও অপসারণের জন্য চিজেল ব্যবহৃত হয়। অপ্রয়োজনীয় ধাতব অংশ অপসারণের জন্য ফাইলিং, গ্রাইন্ডিং কাটিং ও অগ্নি শিখা দ্বারা ডিসমেন্টালিং করা হয়।</p>	
<p>ফিনিশিং ফাইল এক প্রকার কাটিং টুলস। এর দ্বারা ধাতব তল ঘষে মসৃণ/ক্ষয় করা হয়। এটি বিভিন্ন আকৃতির ও বিভিন্ন সাইজের হয়ে থাকে। কাজের ধরন অনুযায়ী ফাইল নির্বাচন করতে হয়। বেশি মসৃণতা আনয়নের জন্য স্যান্ডিং ও পলিশিং করা হয়।</p>	
<p>লুব্রিকেটিং টুলস,ইকুইপমেন্ট ও কার্যবস্তু প্রয়োজন অনুযায়ী অয়েল/গ্রীজ প্রয়োগ করে পিচ্ছিল করতে হয়। এতে যন্ত্রাংশ ক্ষয়,ঘর্ষন,তাপ, শব্দ ও মরিচা থেকে রক্ষা পায়।</p>	
<p>স্ক্র্যাপিং স্ক্র্যাপার বিভিন্ন আকৃতির হয়ে থাকে। বডি পেইন্টিং কাজে ফ্লাট স্ক্র্যাপার ব্যবহৃত হয়। এর দ্বারা পুরাতন রং উঠানো, মরিচা উঠানো ও অসমান অংশ কাটা। স্ক্র্যাপার পরিচালনার সময় সাবধাতা অবলম্বন করতে হয় যেন অন্য অংশের ক্ষতি না করে।</p>	
<p>টাইটেনিং যন্ত্রাংশ সঠিকভাবে টাইট করার জন্য টর্ক রেঞ্জ ব্যবহার করা হয়। এর সাহায্যে সঠিক মাত্রায় টাইট দেয়া যায়।</p>	
<p>ডেন্ট সনাক্তকরণ চোখে দেখে,স্পর্ষ পদ্ধতিতে ও সুক্ষ ডেন্ট আলোর প্রতিফলন ঘটিয়ে সনাক্ত করা যায়।</p>	

মিক্সিং

বডি তলের গর্ত পূরণের জন্য পুটি তৈরি ও সমভাবে বডিতে প্রয়োগের জন্য এটি ব্যবহৃত হয়। এ স্ক্র্যাপার এমন ভাবে পরিচালনা করতে হয় যেন এর চারপাশের সরলতায় থাকে। রং মেশানোর জন্য মিক্সিং মেশিন পাওয়া যায়।



সেলফ চেক (Self Check)-১: অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনাঃ উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্ন গুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন:

১. কম্প্রেসরের কাজ কি?
উত্তর:
২. পিপিই কি?
উত্তর:
৩. ম্যানোমিটারের কাজ কি?
উত্তর:
৪. গ্লস মিটারের কাজ কি?
উত্তর:
৫. ইউ ভি কি?
উত্তর:
৬. স্টার স্ক্রু ড্রাইভারের অপর নাম কি কি?
উত্তর:
৭. ওয়েটিং স্কেল কোন ধরনের টুলস।
উত্তর:
৮. টর্ক রেঞ্চ কি ধরনের টুলস।
উত্তর:
৯. ইলেকট্রিক হ্যান্ড ড্রীল মেশিন কি ধরনের টুলস।
উত্তর:
১০. ডিএফটি মিটার এর কাজ কি।
উত্তর:
১১. ছাঁকনি কেন ব্যবহৃত হয়।
উত্তর:
১২. র্যাটচট হ্যান্ডেল কি ভাবে কাজ করে।
উত্তর:
১৩. হ্যাক স এর কাজ কি?
উত্তর:
১৪. বলপিন হ্যামারের কাজ কি?
উত্তর:
১৫. ফাইল কত প্রকার ও কি কি?
উত্তর:
১৬. নোজ প্লায়ার্স কি কাজে ব্যবহৃত হয়?
উত্তর:
১৭. স্যান্ডিং কি?
উত্তর:

উত্তর পত্র (Answer Key)- ১ অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা: উপরোক্ত প্রশ্নগুলোর উত্তর মিলিয়ে নাও।

অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর:

১. কম্প্রেসরের কাজ কি?
উত্তর: সংকুচিত বাতাস তৈরী করে জমা রাখা।
২. পিপিই কি?
উত্তর: পৌনাল প্রটেকটিভ ইকুইপমেন্ট।
৩. ম্যানোমিটারের কাজ কি?
উত্তর: প্রবাহিত তরল/গ্যাসের চাপ পরিমাপ করা।
৪. গ্লস মিটারের কাজ কি?
উত্তর: সারফেসের সাইনিং ইফেক্ট নির্ণয় করা।
৫. ইউ ভি কি?
উত্তর: আল্ট্রা ভায়োলেট রশ্মি।
৬. স্টার স্ক্রু ড্রাইভারের অপর নাম কি কি?
উত্তর: ফিলিপস স্ক্রু ড্রাইভার।
৭. ওয়েটিং স্কেল কোন ধরনের টুলস।
উত্তর: মেজারিং টুলস।
৮. টর্ক রেঞ্চ কি ধরনের টুলস।
উত্তর: স্পেশাল টুলস।
৯. ইলেকট্রিক হ্যান্ড ড্রীল মেশিন কি ধরনের টুলস।
উত্তর: পাওয়ার টুলস।
১০. ডিএফটি মিটার এর কাজ কি।
উত্তর: ডিএফটি মিটার রং এর থিকনেস মাপতে ব্যবহৃত হয়।
১১. ছাঁকনি কেন ব্যবহৃত হয়।
উত্তর: রং এর ময়লা পরিষ্কার করতে।
১২. র্যাটচট হ্যান্ডেল কি ভাবে কাজ করে।
উত্তর: উভয় দিকে ঘুরে কাজ করতে পারে।
১৩. হ্যাক স এর কাজ কি?
উত্তর: ধাতব পদার্থ কঠিন করা।
১৪. বলপিন হ্যামারের কাজ কি?
উত্তর: আঘাতের সাহায্যে কার্য সম্পাদন করা।
১৫. ফাইল কত প্রকার ও কি কি?
উত্তর: পাঁচ প্রকার ফ্লাট ফাইল, স্কয়ার ফাইল, রাউন্ড ফাইল, হাফ রাউন্ড ফাইল, ট্রাঞ্জুলার
১৬. নোজ প্লায়ার্স কি কাজে ব্যবহৃত হয়?
উত্তর: সরু যায়গায় কোন কিছু ধরে রাখা/ কোন কিছু উঠানো।
১৭. স্যান্ডিং কি?
উত্তর: স্যান্ড পেপার দ্বারা ঘষে মশণ করার পদ্ধতি।

অ্যাকটিভিটি শিট (Activity Sheet) ১.১: প্রয়োজনীয় পিপিই এর তালিকা তৈরী করুন
নিম্নের পিপিই এর নাম ও ব্যবহার লিখুন



ব্যবহার

১।

২।

৩।

৪।











৫।


৬।

৭।

অ্যাকটিভিটি শিট (Activity Sheet) ১.২: টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন




ডান পার্শ্বের খালি ঘরে টুলস না ইকুইপমেন্ট লিখুন এবং এর নাম লিখুন



টুলস/ইকুইপমেন্ট	টুলস/ইকুইপমেন্ট এর নাম
	
	
	
	
	
	
	
	
	
	

**অ্যাকটিভিটি শিট (Activity Sheet) ১.৩: টুলস এবং ইকুইপমেন্ট এর অ্যাপ্লিকেশন এবং
অপারেশন ব্যাখ্যা করুন**

উদ্দেশ্য	টুলস এবং ইকুইপমেন্ট এর ব্যবহার ও কার্যপদ্ধতি জানা ।
সাপ্লাইস/ম্যাটারিয়ালস	গ্রিজ, ইঞ্জিন অয়েল, গিয়ার অয়েল, স্যান্ড পেপার ।
কাজের ধাপ	PPE পরিধান করুন । প্রয়োজনীয় টুলস সংগ্রহ করুন । প্রয়োজনীয় কাঁচামাল সংগ্রহ করুন । প্রস্তুত কারেকের নির্দেশনা অনুযায়ী ধারাবাহিকভাবে কার্য সম্পাদন করুন । কাজ শেষে কার্যকারীতা নিরীক্ষন করুন । কাজ শেষে কার্যস্থান ও যন্ত্রপাতি পরিষ্কার করুন । যন্ত্রপাতি সঠিক ভাবে সঠিক স্থানে সংরক্ষণ করুন ।
প্রয়োজনীয় পিপিই	গগলস, হ্যান্ড গ্লোভস, এপ্রোন, মাস্ক ।

কাজ	ধাপসমূহ
<p>লুব্রিকেটিং</p> 	<p>১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ ।</p>
<p>স্ক্র্যাপিং</p> 	<p>১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ ।</p>
<p>ফিনিসিং</p> 	<p>১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ ।</p>

<p>ক্লিনিং</p> 	<p>১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮।</p>
<p>এ্যাডজাস্টিং</p> 	<p>১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮।</p>

শিখনফল (Learning Outcome)- ২ : টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাজ সম্পাদনের জন্য উপযুক্ত টুলস ব্যবহার করা হয়েছে। ২. হ্যান্ড টুলস ব্যবহারে সঠিক হ্যান্ড-আই সমন্বয় প্রয়োগ করা হয়েছে। ৩. অনিরাপদ বা ত্রুটিপূর্ণ টুলস চিহ্নিত করা হয় এবং মেরামত বা প্রত্যাখ্যানের জন্য সুপারিশ করা হয়েছে। ৪. নির্দেশনা অনুসারে সরঞ্জামগুলির যথাযথ গ্রিপিং অনুসরণ করা হয়েছে।
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ভিভাইস
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. উপযুক্ত টুল ২. সঠিক হ্যান্ড-আই সমন্বয়ের গুরুত্ব ৩. অনিরাপদ বা ত্রুটিপূর্ণ টুল ৪. গাড়ির বডি পেন্টিং এর জন্য বেসিক টুল ব্যবহার করার পদ্ধতি ৫. গাড়ির বডি পেন্টিং এর জন্য বেসিক ইকুইপমেন্ট ব্যবহার করার পদ্ধতি ৬. টুলগুলি যথাযথ গ্রিপিং এর সুবিধা
এক্টিভিটি	<ol style="list-style-type: none"> ১. হ্যান্ড টুলস ব্যবহার করুন। ২. অনিরাপদ বা ত্রুটিপূর্ণ টুল চিহ্নিত করুন। ৩. মেজারিং টুলসের সঠিক ব্যবহার দ্বারা জ্যামিতিক পরিমাপ করুন।
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২: টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources/Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের “কার বডি পেইন্টিং কাজে ব্যবহৃত টুলস ও ইকুইপমেন্ট এর ব্যবহার করতে পারবে” শেখার জন্য টুলস ও ইকুইপমেন্ট প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ২ : কার বডি পেইন্টিং কাজে ব্যবহৃত টুলস ও ইকুইপমেন্ট এর ব্যবহার জানতে পারবে।
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেক্ষ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ২.১: হ্যান্ড টুলস ব্যবহার করুন। টাস্ক শিট ২.২: অনিরাপদ বা ত্রুটিপূর্ণ টুল চিহ্নিত করুন। জব শিট ২.৩: মেজারিং টুলসের সঠিক ব্যবহার দ্বারা জ্যামিতিক পরিমাপ করুন।

ইনফরমেশন শিট (Information Sheet)-২: টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করতে পারবে



শিক্ষার উদ্দেশ্য (Learning objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে। প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট এর প্রকারভেদ/ব্যাখা করতে পারবে।






- ২.১ উপযুক্ত টুলস
- ২.২ সঠিক হ্যান্ড-আই সম্বন্ধের গুরুত্ব
- ২.৩ অনিরাপদ বা ত্রুটিপূর্ণ টুল
- ২.৪ গাড়ির বডি পেন্টিং এর জন্য বেসিক টুল ব্যবহার করার পদ্ধতি
- ২.৫ গাড়ির বডি পেন্টিং এর জন্য বেসিক ইকুইপমেন্ট ব্যবহার করার পদ্ধতি
- ২.৬ টুলগুলি যথাযথ গ্রিপিং এর সুবিধা




২.১ উপযুক্ত টুলস


কোন কাজের শুরুতে নিজের নিরাপত্তাকে অগ্রাধিকার দিতে হবে। কাজ সহজি করণ ও সফল হওয়ার জন্য সঠিক টুলস নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ। কাজের শুরুতে বিপত্তিগুলি চিহ্নিত করলে যে কোন প্রকার দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়া সম্ভব।

নিম্নে টুলস ও ইকুইপমেন্টের কিছু ত্রুটি উল্লেখ করা হয়েছে যা কাজের শুরুতে পরীক্ষা করে নিতে হয়।

টুলস ও ইকুইপমেন্টের নাম	ত্রুটি সমূহ
প্লায়ার্স	 <ul style="list-style-type: none">▪ সঠিক ভাবে সংরক্ষণ না করলে এর মধ্যে মরিচা পড়তে পারে।▪ সঠিক লুব্রিকেশন না করলে এর জয়েন্ট জ্যাম হতে পারে।▪ এর কাটিং এজ ভাংগা/ ক্ষয়/ধার নষ্ট হতে পারে।▪ এর গ্রীপ খুলা/ফাটা/পুড়া/নষ্ট হতে পারে।▪ এর দ্বারা আঘাতের কাজ করলে টাল হতে পারে।
ফাইল	 <ul style="list-style-type: none">▪ সঠিক ভাবে সংরক্ষণ না করলে এর মধ্যে মরিচা পড়তে পারে।▪ সঠিক কাজে সঠিক ফাইল নির্বাচন না করলে এর কাটিং এজ দ্রুত ক্ষয় হবে।▪ এর কাটিং এজ এর ধার নষ্ট হতে পারে।▪ এর হাতল খুলা/ফাটা/পুড়া/নষ্ট হতে পারে।

<p>হ্যাক স</p>	 <ul style="list-style-type: none"> ▪ সঠিক ভাবে সংরক্ষণ না করলে এর মধ্যে মরিচা পড়তে পারে। ▪ সঠিক লুব্রিকেশন না করলে এর উইং নাট জ্যাম হতে পারে। ▪ সঠিক ভাবে ব্লড সেট করতে না পাড়লে কাটা যাবে না এবং ব্লড ভেঙ্গে যাবে। ▪ এর দ্বারা কাজ করার সময় নির্দিষ্ট কোনে ধরতে হবে।
<p>স্ক্র্যাপার</p>	 <ul style="list-style-type: none"> ▪ সঠিক ভাবে সংরক্ষণ না করলে এর মধ্যে মরিচা পড়তে পারে। ▪ কাজ শেষে ভালভাবে পরিষ্কার না করলে এটি নষ্ট হতে পারে। ▪ এর হাতল খুলা/ফাটা/পুড়া/নষ্ট হতে পারে।
<p>এডজাস্টেবল রেঞ্চ</p>	 <ul style="list-style-type: none"> ▪ সঠিক ভাবে সংরক্ষণ না করলে এর মধ্যে মরিচা পড়তে পারে। ▪ সঠিক লুব্রিকেশন না করলে এর থাম্ব স্ক্রু জ্যাম হতে পারে। ▪ বেশি চাপে ব্যবহার করলে এর জ ভেঙ্গে যেতে পারে। ▪ বেশি চাপে নাট ও বোল্ট খুলতে গেলে স্লিপ করার সম্ভাবনা বেশি থাকে।
<p>স্ক্রু ড্রাইভার</p>	 <ul style="list-style-type: none"> ▪ সঠিক ভাবে সংরক্ষণ না করলে এর মধ্যে মরিচা পড়তে পারে। ▪ সঠিক চাপে ব্যবহার না করলে এর ফেস নষ্ট হতে পারে। ▪ সঠিক চাপে স্ক্রু খুলতে না পারলে স্লিপ করে অন্য যায়গা নষ্ট করতে পারে। ▪ এর হাতল খুলা/ফাটা/পুড়া/নষ্ট হতে পারে।
<p>চিজেল</p>	 <ul style="list-style-type: none"> ▪ সঠিক ভাবে সংরক্ষণ না করলে এর মধ্যে মরিচা পড়তে পারে। ▪ হাতুড়ির সাহায্যে বেশি আঘাতে এর হেড নষ্ট হতে পারে। ▪ এর কাটিং এজ এর ধার নষ্ট হতে পারে ও ভেঙ্গে যেতে পারে।

<p>বলপিন হ্যামার</p>	 <ul style="list-style-type: none"> ▪ সঠিক ভাবে সংরক্ষণ না করলে এর মধ্যে মরিচা পড়তে পারে। ▪ হাতুড়ির সাহায্যে বেশি আঘাতে এর ফেস নষ্ট হতে পারে। ▪ নষ্ট ফেস এর হাতুড়ি ব্যবহার করলে তা স্লিপ করার সম্ভাবনা বেশি থাকে। ▪ এর হাতল খুলা/ফাটা/পুড়া/নষ্ট হতে পারে।
<p>মেজারিং টেপ</p>	  <ul style="list-style-type: none"> ▪ কোন কিছুর দৈর্ঘ্য প্রস্থ ও উচ্চতা পরিমাপ করা হয় । ▪ এর মধ্যে মিলি মিটার,সেন্টি মিটার,মিটার ও ইঞ্চি স্কেল থাকে । ▪ ১ সেন্টি মিটার=১০ মিলি মিটার, ১ মিটার= ১০০ সেন্টিমিটার ▪ ইঞ্চি স্কেলে ১/৮ ইঞ্চিকে ১ সূত বলে ।

<p>ভার্নিয়ার ক্যালিপার</p>	 <ul style="list-style-type: none"> ▪ কোন কিছুর দৈর্ঘ্য প্রস্থ ও উচ্চতার সূক্ষ্ম পরিমাপ করা হয় । ▪ এর দ্বারা ০.০১ মিলিমিটারের সূক্ষ্মতায় মাপা যায় । <p>M= প্রধান স্কেল পাঠ ভার্নিয়ার স্কেলের শূন্য দাগ প্রধান স্কেলের যতভাগ অতিক্রম করেছে তা প্রধান স্কেল পাঠ । V= ভার্নিয়ার সমাপাতন ভার্নিয়ার স্কেলের শূন্য দাগ প্রধান স্কেলের একটি দাগ মিলে যাবে বা সামান্য অতিক্রম করার পর, প্রধান স্কেলের একটি দাগ ভার্নিয়ার স্কেলের ১টি দাগের সাথে পুরোপুরি মিলে যাবে । ঐ দাগের নাম্বার ভার্নিয়ার সমাপাতন । Vc= ভার্নিয়ার ধ্রুবক প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ভাগকে ভার্নিয়ার স্কেলের মোট ভাগ সংখ্যা দ্বারা ভাগ করলে ভার্নিয়ার ধ্রুবক পাওয়া যায় । e= যান্ত্রিক ত্রুটি কার্যবস্তুর উপর স্কেলের চোয়াল ভালভাবে টাইট করার পর প্রধান স্কেলের শূন্য দাগ ভার্নিয়ার স্কেলের শূন্য দাগের সাথে মিলে গেলে কোন যান্ত্রিক ত্রুটি নেই । উপরোক্ত পাঠ নিচের সূত্রের মধ্যে প্রয়োগ করে কার্য বস্তুর পরিমাপ করা হয় ।</p> $L = \{M + (V + Vc)\} - (\pm e)$
-----------------------------	---

২.২ সঠিক হ্যান্ড আই সমন্বয়ের গুরুত্ব

টুলস ও ইকুইপমেন্ট পরিচালনা করার সময় হাতের গতিবিধির সাথে চোখের দৃষ্টি সমন্বয় করে কার্য সম্পাদন করতে হয় । অন্য দিকে তাকিয়ে কাজ করলে দুর্ঘটনা ঘটতে পারে ও টুলস/যন্ত্রাংশের ক্ষতি হতে পারে ।




২.৩ অনিরাপদ বা ত্রুটিপূর্ণ টুলস

- টুলস ব্যবহারের পূর্বে তা চেক করে নিতে হবে। যে টুলস দ্বারা কাজ করা হবে তা ঐ ধরনের কাজ করার জন্য উপযুক্ত কি না তা চেক করতে হবে। কাজ শুরু করার পর যদি ভালভাবে কাজ না হয় তবে টুলস অথবা যন্ত্রাংশ নষ্ট হতে পারে।
- ত্রুটি পূর্ণ টুলস বাছাই করে আলাদা করতে হবে। কাজ শুরু করার পূর্বে ত্রুটিপূর্ণ টুলস অপসারণ না করলে যে কোন সময় দুর্ঘটনা ঘটানোর সম্ভাবনা থাকে। মেরামত যোগ্য ও মেরামত করা যাবে না এমন টুলস আলাদা করতে হবে। ত্রুটিপূর্ণ টুলস অন্যান্য টুলসের সাথে সংরক্ষণ করা যাবে না।
- প্রয়োজনীয় গ্রীপিং করতে হবে। গ্রীপিং টুলসকে হাতের সাথে ভালভাবে আটকে রাখে ও সঠিকভাবে শক্তি প্রয়োগে সাহায্য করে। গ্রীপিং না থাকলে হাত স্লিপ করে দুর্ঘটনা ঘটানোর সম্ভাবনা থাকে।
- লুব্রিকেশন করতে হবে। লুব্রিকেশন টুলসকে সচল ও পরিচালনা সহজ করে। টুলসকে মরিচা ও ক্ষয় থেকে রক্ষা করে। কম শক্তিতে অধিক কাজ পাওয়া যায়। টুলসকে সাধারণত গ্রীজ ও অয়েল দ্বারা লুব্রিকেশন করা হয়।



২.৪ গাড়ির বডি পেইন্টিং এর জন্য বেসিক টুল ব্যবহার পদ্ধতি

হ্যাকস এর ব্যবহার




- হ্যাক স ফ্রেমে হ্যাকস ব্লড ভালভাবে সংযুক্ত করুন।
- ওয়ার্কপিস মার্কিং করে ভাইসে ভালভাবে আটকিয়ে নিন
- চিত্রানুযায়ী হাত দিয়ে শক্তভাবে ধরুন।
- মার্কিং এর উপর হ্যাকস স্থাপন করুন।
- চিত্রানুযায়ী পায়ের অবস্থান দেখে দাঁড়ান।
- হ্যাকস ১০-৩০ ডিগ্রী কোণে সম্মুখ দিকে নত করে বসান।
- সামনের দিকে পরিমিত চাপে কাটুন।
- পিছনে টানার সময় চাপ প্রয়োগ করবেন না।
- কার্য বস্তু মোটা হলে কাটিং অয়েল প্রয়োগ করুন।

ফাইল এর ব্যবহার



- ওয়াক্‌পিস পরিস্কার করে ভাইসে ভালভাবে আটকিয়ে নিন ।
- ধাতু ও কাট অনুযায়ী ফাইল নির্বাচন করুন ।
- ফাইল কার্যবস্তুর উপর সমানভাবে বসান ।
- পরিমিত চাপে সামনে পিছনে অগ্রসর করে কাটুন ।
- অল্প অল্প করে কাটুন ।
- এক চাপে বেশি গভীরে কাটা যাবে না ।

চিজেল এর ব্যবহার



- ধাতু অনুযায়ী ফাইল নির্বাচন করুন ।
- চিজেল কার্যবস্তুর উপর বামহাতের সাহায্যে একটু এঞ্জেল করে ধরুন ।
- হাতুড়ির আঘাতে অল্প অল্প করে কাটুন ।
- এক আঘাতে বেশি গভীরে কাটা উচিত নয় ।

স্ক্র্যাপার এর ব্যবহার



- কার্যস্থান ভালভাবে পরিস্কার করে মার্কিং করুন ।
- কাজের ধরন অনুযায়ী স্ক্র্যাপার নির্বাচন করুন ।
- কাটিং স্থানে ২৫-৩০ ডিগ্রী কোনে স্ক্র্যাপার ধরুন ।
- অল্প চাপে সামনের দিকে অগ্রসর করে কাটুন ।
- এভাবে বার বার কাটুন ।
- স্ক্র্যাপার ১০-১৫ মিলিমিটার দৈর্ঘ্য ও ০.০৫-০.০৬ মিলিমিটার এর গভীরে চালানো উচিত নয় । **এয়ার**

২.৪ গাড়ির বডি পেইন্টিংয়ের জন্য ইকুইপমেন্ট ব্যবহার করার পদ্ধতি

কম্প্রেসর দ্বারা যন্ত্রাংশ পরিস্কার করার পদ্ধতি

- এয়ার কম্প্রেসর এর চারপাশ দেখে নিন যেন কোন বিপত্তি না থাকে।
- বৈদ্যুতিক সংযোগ পরীক্ষা করুন।
- ডেলিভারী ভালভ বন্ধ আছে কিনা তা পরীক্ষা করুন।
- হোজপাইপ ও কানেক্টর পরীক্ষা করুন।
- এয়ার গান হোজ পাইপে সংযোগ করা।
- বৈদ্যুতিক সুইচ চালু করে কম্প্রেসর চালনা করুন।
- কিছুক্ষণ চলার পর ডেলিভারী ভালভ খুলে দিন।
- এয়ার গান এর ট্রিগার চেপে নির্দিষ্ট জায়গা বাতাসের সাহায্যে পরিস্কার করুন।
- কাজ শেষে বৈদ্যুতিক সুইচ ও ডেলিভারী ভালভ বন্ধ রাখুন।



স্প্রে গান ব্যবহার করার পদ্ধতি

- রং ভালভাবে মিশ্রণ করে পেইন্ট কন্টেইনারে রাখতে হবে।
- এয়ার কম্প্রেসরের হোজ পাইপে স্প্রে গান সেট করুন।
- বৈদ্যুতিক সুইচ অন করে কম্প্রেসর চালু করুন।
- কম্প্রেসর এর গেট ভালভ খুলে দিন।
- স্প্রে গান এর ট্রিগার চেপে স্প্রে প্যাটার্ন খেয়াল করুন।
- প্রয়োজন অনুযায়ী নজল এ্যাডজাস্ট করুন।
- এয়ার প্রেসার এডজাস্টিং স্ক্রু ঘুরিয়ে প্রেসার ঠিক করুন।
- অপ্রয়োজনীয় কোন তলে স্প্রে প্রয়োগ করে সঠিক আকৃতি নির্ধারণ করুন।



পলিশিং মেশিন চালনা করার পদ্ধতি

- লক বাটন চেপে ধরে ডিস্ক স্ক্রু খুলুন। এ অবস্থায় নির্দিষ্ট ডিস্ক স্থাপন করে টাইট করুন।
- মেশিন চালনার সুইচ লক থাকলে আনলক করুন।
- বৈদ্যুতিক সংযোগ প্রদান করুন।
- মেশিন চালনার সুইচ চেপে ধরে ঘূর্ণন ও কোন প্রকার বিপত্তি আছে কিনা দেখে নিন।
- বেশি সময় চালাতে সুইচ লক ব্যবহার করুন।
- নির্ধারিত চাপে কোন তলে বৃত্তাকার পদ্ধতিতে বারবার ঘষে নিন।



পেইন্ট মিস্কিং মেশিন চালনা পদ্ধতি

- মেশিনের বৈদ্যুতিক সংযোগ পরীক্ষা করুন
- মিশ্রণ করার জন্য প্রয়োজনীয় রং সংগ্রহ করুন।
- মিস্কিং কাপে রং সংরক্ষণ করুন।
- মেশিনে বৈদ্যুতিক সংযোগ করুন।



- সুইচ চেপে ধরে মেশিন চালু করুন।
- মেশিনের মিস্কিং হেড রং এর মধ্যে প্রবেশ করিয়ে চার দিকে ঘুরিয়ে রং মিশ্রণ করুন।
- কাজ শেষে ভাল ভাবে পরিষ্কার করে সংরক্ষণ করুন।

হাইড্রলিক লিফট চালনা পদ্ধতি

- গাড়ি লিফট এর নির্ধারিত জায়গায় রাখুন।
- স্টেজ আর্ম এ্যাডজাস্ট করে গাড়ির নিচে নির্ধারিত স্থানে সেট করুন।
- পাওয়ার ইউনিটের up সুইচ চালু করে একটু উঠিয়ে পুনরায় চেক করুন।
- কোন সমস্যা পাওয়া না গেলে নির্ধারিত উচ্চতায় উঠান।
- মেইন কেব্রিয়ার লক করুন।
- কাজ শেষে মেইন কেব্রিয়ার আনলক করে পাওয়ার ইউনিটের Down সুইচ দ্বারা গাড়ি নিচে নামান।
- স্টেজ আর্ম পূর্বাবস্থায় ফিরিয়ে আনুন।



স্টেন্ডে বাম্পার সেটিং করার পদ্ধতি

- স্টেন্ড এর হক প্রয়োজনমত এ্যাডজাস্ট করে বাম্পারে সেট করে লক করুন।
- রয়াক স্ক্রু টিলা দিয়ে নির্দিষ্ট দিকে সেট করুন।
- মুভিং হইলে ব্রেকিং করুন।

২.৫ টুলগুলো যথাযথ গ্রীপিং এর সুবিধা

- গ্রীপিং থাকলে স্লিপ করেনা ।
- হাতের সাথে ভালভাবে আটকে থাকে ।
- টুলসের কার্যকারিতা ভাল পাওয়া যায় ।
- সঠিক ভাবে কাজ সম্পন্ন করা যায় ।
- দুর্ঘটনা এড়ানো যায় ।

সেলফ চেক (Self Check)- ২: অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনাঃ উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্ন গুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন:

১. হ্যাক স র্লেড ভেঙ্গে যাওয়ার কারন কি?
উত্তর:
২. হ্যাক স র্লেড কি ভাবে সেট করতে হয়?
উত্তর:
৩. বলপিন হ্যামারের ফেস নষ্ট হলে কি অসুবিধা হবে?
উত্তর:
৪. স্কেপার এর ধার নষ্ট হলে কি ভাবে ধার করতে হয়?
উত্তর:
৫. টুলস লুব্রিকেশনের প্রয়োজনীয়তা কি?
উত্তর:

উত্তর পত্র (Answer Key)- ২: অটোমোটিভ বডি পেইন্টিং এর জন্য টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনাঃ উপরোক্ত প্রশ্নগুলোর উত্তর মিলিয়ে নাও।

অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর:

১. হ্যাক স ব্লেন্ড ভেঞ্জে যাওয়ার কারন কি?
উত্তর: বেশি টাইট হলে/ ঢিলা হলে/ ব্লেন্ড উল্টা সংযোগ করলে/ হাতল বাঁকা ভাবে ধরলে।
২. হ্যাক স ব্লেন্ড কি ভাবে সেট করতে হয়?
উত্তর: ব্লেন্ড এর দাঁত সামনের দিকে থাকবে।
৩. বলপিন হ্যামারের ফেস নষ্ট হলে কি অসুবিধা হবে।
উত্তর: আঘাতের সময় স্লিপ করবে।
৪. স্কেপার এর খার নষ্ট হলে কি ভাবে খার করতে হয়।
উত্তর: ফাইল দ্বারা ঘষে খার করতে হয়।
৫. টুলস লুব্রিকেশনের প্রয়োজনীয়তা কি?
উত্তর: মরিচার হাত থেকে রক্ষা করে। ঘূর্ণয়মান অংশকে পিচ্ছিল রাখে।







টাস্ক শিট (Task Sheet)-২.১: হ্যান্ড টুলস ব্যবহার করুন

নিম্নের টুলস সমূহ কি কাজে ব্যবহৃত হয় লিখুন


টুলস	ব্যবহার
	
	
	
	
	
	

টাস্ক শিট (Task Sheet)- ২.২: অনিরাপদ বা ত্রুটিপূর্ণ টুলস সমূহ চিহ্নিত করুন

উদ্দেশ্য	ত্রুটিপূর্ণ টুলস সমূহ চিহ্নিত করা ও মেরামত পদ্ধতি জানা
সাপ্লাইস/ম্যাটারিয়ালস	গ্রিজ, ইঞ্জিন অয়েল, গিয়ার অয়েল, স্যান্ড পেপার, রাষ্ট রিমোভার
